(৪১)

সংবাদ

তারিখ ...JUL 13 2006
পৃঃ ৫ কলাম

## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# ব্যর্থতার দায়ভার ছাত্রদের ওপর চাপাচ্ছেন ভিসি

**সিলেট ব্যুরো**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মোসলেহ উদ্দিন তারেক নিজের সব ব্যর্থতার দায়ভার আন্দোলনকারী ছাত্রদের ওপর চাপিয়ে দেয়ার চেষ্টা করছেন। তিনি বলেছেন, কিছু বিপথগামী ছাত্রের কারণে ক্যাম্পাসে এ অবস্থার সৃষ্টি হয়েছে। যার দায়ভার সিন্ডিকেট নিতে পারে না। পরবর্তী সিন্ডিকেট বৈঠকে এ ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। তবে সোমবার স্থগিত হয়ে যাওয়া সিন্ডিকেটের বৈঠক কবে আবার বসবে সে ব্যাপারে তিনি কিছুই বলেননি। গত মঙ্গলবার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে ভিসি এ ঘোষণা দেন।

তিনি জানান, সিন্ডিকেট বৈঠকের আগে রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে মত-বিনিময় করা হবে। এ সময় ভিসি সাংবাদিকদের অনেক প্রশ্নের উত্তরই এড়িয়ে যান। ছাত্ররা যখন ক্ষোভে-বিক্ষোভে ফেটে পড়েছিল তখন প্রক্টরিয়াল কমিটি কেন কোন উদ্যোগ নেয়নি -এ প্রশ্নের জবাবে ভিসি বলেন, সব শিক্ষকই প্রক্টরিয়াল কমিটির দায়িত্ব পালনের অধিকারী। তারা কেন পালন করেননি তাদেরই প্রশ্ন করুন। মতবিনিময় শেষে ভিসি ছাত্র আন্দোলনে ক্ষতিগ্রস্ত তার বাসা ঘুরে দেখান। তিনি বলেন, এবারের সিন্ডিকেট বৈঠকে শাবিতে ঘটে যাওয়া পুরো ঘটনা নিয়ে আলোচনা হবে। এতে দোষীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা এবং শাবি খুলে দেয়ার সিদ্ধান্ত হবে।

ভিসি আরও জানান, অনাকাঙ্ক্ষিত ঘটনা তদন্তে প্রফেসর ড. হাবিবুল আহসানকে আহ্বায়ক করে ৪ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি হয়েছে। তাদের রিপোর্টের ভিত্তিতে যারাই জড়িত হোক তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।